# উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শেখ নুরুল আলম
উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।

সভার স্থান : উপজেলা নিবাহী অফিসারের অফিস কক্ষ, মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখ ও সময় : ২২ অক্টোবর ২০২৪ খ্রি., সময়ঃ বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপকারভোগী নির্বাচন এবং অনলাইন আবেদন সংক্রান্ত | সদস্য সচিব সভায় জনান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জন্মহার, দারিদ্রতা এবং পুষ্টি সূচকের উপর ভিত্তি করে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য জুলাই/২৪ হতে অক্টোবর/২৪ পর্যন্ত বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ইউনিয়ন ওয়ারি ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা আছে। উল্লেখ্য যে, প্রতি ইউনিয়ন প্রতি মাসে শর্তপূরণ সাপেক্ষে গভবর্তী মহিলা নিজে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০/- টাকা ফি প্রদানের বিনিময়ে অথবা উপজেলা তথ্য আপা/তথ্য সেবাসহকারীর নিকট বিনামূল্যে আবেদন করতে পারবেন। আবেদন করার সময় আবেদনকারীর ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন, এবং<br>(ক) এন. আই. ডি কার্ড (জাতীয় পরিচয় পত্র)।<br>(খ) আবেদনকারী অবশ্যই ২০-৩৫ বছর বয়স হতে হবে।<br>(গ) আবেদনকারী অবশ্যই প্রথম ও দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে।<br>(ঘ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ.এন.সি.কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড)<br>(ঙ) নিজ নামে নিবন্ধীত মোবাইল থাকতে হবে।<br>(চ) নিজস্ব মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করবেন।<br><br>প্রতিমাসের ইউনিয়ন পর্যায়ে আবেদন গ্রহণ অবশ্যই প্রতিমাসের ০১-২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে তথ্য আবশ্যকীয়ভাবে যাচাই-বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির সভার মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা/ ভাতাভোগীর আবেদন পত্র/ সভার কার্যবিরণী উপজেলা কমিটির নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম সম্পন্ন করে দাখিল করতে হবে । | ১. সভায় সর্বসম্মতিক্রমে শর্ত মেনে ভাতাভোগী নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল। |
| ০২ | ভাতা অর্থ পরিশোধ সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের পত্রের নির্দেশনা অনুযায়ী নিজস্ব মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্টে ভাতাভোগী ভাতার অর্থ গ্রহণ করতে পারবেন।<br><br>উক্ত বিষয়ে উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগণ জানান যে, ভাতাভোগীগের ভাতার অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে | ১. সভায় সর্বসম্মতিক্রমে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতাভোগীর ভাতার অর্থ পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।<br><br>২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিশোধ করা হলে ভাতাভোগী ঘরে বসে তার ভাতার অর্থ গ্রহণ করতে পারবেন। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রাপ্তি সহজ এবং হয়রানি কম হয় । ব্যাংক এর মাধ্যমে ভাতা প্রাপ্তি অনেক জটিল এবং সময় সাপেক্ষ বিবেচনা করে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদানের জন্য সর্ব সম্মতিক্রমে এক মত পোষণ করেন । | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহবান জানান এবং সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/10/24

শেখ নুরুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি
মির্জাপুর, টাঙ্গাইল।

পত্র নং: ৩২.০১.৯৩৬৬.০১২.১৮.০৩৩ (অংশ-০৩).২২-৬৮৭ তারিখ: ২২/১০/২০২৪ খ্রি: ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
০৭. চেয়ারম্যান, ...................................... (সকল) ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
০৮. অফিস নথি।

Sharmin
২৬.১০.২০২৪

শারমিন সিদ্দিকা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মির্জাপুর, টাঙ্গাইল।